# 339140 - করোনা মহামারীর প্রেক্ষিতে জারীকৃত কারফিউ- এর কারণে বাসা-বাড়ীতে ঈদের নামায আদায় করার হুকুম

## প্রশ্ন

করোনা ভাইরাসের প্রেক্ষিতে লকডাউনের মধ্যে ঈদের নামায বাসায় আদায় করা জায়েয হবে কিনা; যদি বাসাতে তিনজনের অধিক পুরুষ লোক থাকে? এটি কি বাসাতে নামায আদায় করার জন্য যথাযথ ওজর? হোম কোয়ারেন্টিনের কারণে যদি কেউ তার পরিবারকে নিয়ে বাসাতে ঈদের নামায আদায় করে সেক্ষেত্রে সে কি খোতবা দিবে?

## প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

এক:

ইতিপূর্বে 96922 নং প্রশ্নোত্তরে উল্লেখ করা হয়েছে যে, যে ব্যক্তির ঈদের নামায ছুটে গেছে কিংবা কোন প্রতিবন্ধকতার কারণে তিনি ঈদের নামাযে হাযির হতে পারেননি তার জন্য ঈদের নামায নিজ বাসায় আদায় করা জায়েয; এমনকি তিনি একা হলেও। এটি জমহুর (অধিকাংশ আলেম) এর অভিমত।

ইবনে কুদামা "আল-মুগনী" গ্রন্থে (২/২৮৯) বলেন: "যে ব্যক্তির ঈদের নামায ছুটে গেছে সে ব্যক্তির উপর কাযা পড়া আবশ্যক নয়। যেহেতু ঈদের নামায ফরযে কিফায়া। যে কেউ পড়লে সেটাই যথেষ্ট।

তবে কেউ যদি কাযা পড়তে চায় তাহলে তার একাধিক এখতিয়ার থাকবে। তিনি ইচ্ছা করলে এক সালামে কিংবা দুই সালামে চার রাকাত নামায পড়তে পারেন।

এটি ইবনে মাসউদ (রাঃ) থেকে বর্ণিত আছে এবং এটি ছাওরী (রহঃ) এর অভিমত। যেহেতু ইবনে মাসউদ (রাঃ) থেকে বর্ণিত আছে যে, তিনি বলেন: যে ব্যক্তির ঈদের নামায ছুটে গেছে সে ব্যক্তি চার রাকাত নামায পড়বেন। যে ব্যক্তির জুমার নামায ছুটে গেছে তিনিও চার রাকাত পড়বেন।

আলী (রাঃ) থেকেও বর্ণিত আছে যে, তিনি বলেন: যদি আমি দুর্বল লোকদেরকে নিয়ে কাউকে নামায পড়ার নির্দেশ দিই তাহলে আমি তাকে চার রাকাত পড়ার নির্দেশ দিব।[সুনানে সাঈদ ইবনে মানছুর]

ইমাম আহমাদ (রহঃ) বলনে: এ অভমিতকে শক্তশিালী করে আলী (রাঃ) এর হাদসি। তনি জিনকৈ ব্যক্তকিে দুর্বল লোকেদরেকে নয়িে নামায পড়ার ও খোতেবা না দয়োর নর্িদশে দনে।

এবং যহেতেু এটি ঈদরে নামাযরে কাযা; তাই জুমার কাযা নামাযরে ন্যায় এটাও চার রাকাত।

এবং তনি ইিচ্ছা করলে নফল নামাযরে মত দুই রাকাত পড়তে পারনে। এটি আওযায়রি অভমিত। যহেতেু এটি নফল।

আর যদি ইচ্ছা করনে য,ে তাকবীর দয়িে ঈদরে নামাযরে পদ্ধতততি পড়বনে; তাহলে এমন অভমিত ইমাম আহমাদ থকেে ঈসমাইল বনি সাঈদ বর্ণনা করছেনে, জুযজানী এ অভমিতকে পছন্দ করছেনে। এবং এটি নাখাঈ, মালকে, শাফয়েি, আবু ছাওর ও ইবনে মুনযরি প্রমুখরে অভমিত।

যহেতেু আনাস (রাঃ) থকেে বর্ণতি আছে য,ে তনি একবার বসরাতে ইমামরে সাথে ঈদরে নামায পাননি। তখন তনি তাঁর পরবিাররে সদস্যদরেকে ও তাঁর দাসদরেকে একত্রতি করনে। এরপর তাঁর দাস আব্দুল্লাহ্ বনি আবি উতবা নামায পড়ান। আব্দুল্লাহ্ দুই রাকাত নামায পড়ান এবং উভয় রাকাতে তাকবীর দনে।

এবং যহেতেু এটি একটা নর্িদষ্টি নামাযরে কাযা নামায। তাই অন্য সকল নামাযরে মত এটি ঐ (মূল) নামাযরে পদ্ধততিে হওয়া চাই। এভাবে নামায পড়ার ক্ষত্রেওে ব্যক্তরি স্বাধীনতা থাকবে একাকী পড়ার কংিবা জামাতরে সাথে পড়ার।

আবু আব্দুল্লাহ্কে জজ্িঞসে করা হয়ছেলি: কোথোয় পড়বে? তনি বিলনে: চাইলে সে ঈদগাহে যতেে পার;ে কংিবা সে যখোনে চায় সখোনে পড়তে পার।ে”[সমাপ্ত]

পূর্বোক্ত আলোচনা থকেে স্পষ্ট হয়ে গলে য,ে খলফিার সাথে যভোবে ঈদরে নামায পড়া হয় সভোবে পড়াটা জমহুররে অভমিত। অতএব, ঈদরে নামাযরে যে পদ্ধতি রয়ছেে সে পদ্ধততিে নামাযটি পড়বনে। অর্থাৎ অতরিক্তি তাকবীর দয়িে দুই রাকাত নামায পড়বনে; খোতেবা ছাড়া।

আর যখন পূর্বোক্ত মতভদেরে আলোচ্য বষিয় তথা নামাযটি ঈদরে নামাযরে কাযা হসিবেে পালতি না হয়; বরং মূল ঈদরে নামায হসিবেে সম্পাদতি হয় এবং এর দ্বারা ফরয দায়ত্বি কংিবা কফিায়া দায়ত্বি পালতি হয়; বর্তমান পরস্থিতিরি হাল তো এটাই; সক্ষেত্রেে এই নামায ঈদরে নামাযরে মূল পদ্ধততিে পড়ার বষিয়টি আরও তাগদিপূর্ণ। যহেতেু পৃথবীর অধকিাংশ দশেরে ঈদগাহসমূহে ও মসজদিগুলোতে ঈদরে নামায পড়া হবে না; তাই এমন পরস্থিততিে ঈদরে নামাযরে পরচিতি পদ্ধতরি খলিাফ করাটা অগ্রগণ্য হতে পারে না। বরঞ্চ ব্যক্তি যদি তার বাসা-বাড়ীতে ঈদরে নামায পড়ে তাহলে তার উচতি হবে ঈদরে নামাযরে পরচিতি পদ্ধততিে পড়া।

দুই:

শাফয়েি মাযহাবরে অভমিত হচ্ছে জনবচ্ছিন্নি ব্যক্তি ঈদরে নামায তার নজি বাসস্থানে আদায় করা সুন্নত। তাদরে নকিট সটো কাযা নামাযরে সাথে সম্পৃক্ত নয়। ইমাম মুযানি ইমাম শাফয়েি (রহঃ) থকেে 'মুখতারাসুল উম্ম' (৮/১২৫) গ্রন্থে উল্লখে করছেনে যে, "জনবচ্ছিন্নি ব্যক্তি তার বাসস্থানে দুই ঈদরে নামায আদায় করবে এবং অনুরূপভাবে মুসাফরি, দাস ও মহলিাও।"[সমাপ্ত]

ইমাম নববী 'আল-মাজমু' গ্রন্থে (৫/২৬) বলনে: "আহকাম: ঈদরে নামায ক্রীতদাস, মুসাফরি, নারী ও জনবচ্ছিন্নি ব্যক্তরি জন্য নজি বাসায় কংিবা অন্য কোনে স্থানে আদায় করা কি শরয়িত সম্মত?

"এক্ষত্রেে দুটো অভমিত রয়ছে। সর্বাধকি শুদ্ধ ও মশহুর অভমিত হচ্ছে ঈদরে নামায তাদরে জন্য আদায় করা শরয়িতসম্মত হওয়ার পক্ষে নশ্চিয়তা জ্ঞাপন করা।"[সমাপ্ত]

তাদরে নকিট এ শ্রণেীর ব্যক্তদিরে মধ্যে যারা জামাতরে সাথে আদায় করবনে তাদরে ক্ষত্রেে খোতবা দয়োও সুন্নত।

'মুগনলি মুহতাজ' গ্রন্থে (১/৫৮৯) বলনে: "জামাতরে সাথে এ নামাযদ্বয় আদায়কারীদরে জন্য রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও তাঁর সুপথপ্রাপ্ত খলফিাদরে অনুসরণে খোতবা দয়ো সুন্নত। এক্ষত্রেে মুসাফরিদরে জামাত করা ও অন্যদরে জামাত করার মধ্যে কোনে পার্থক্য নইে।"[সমাপ্ত]

তুহফাতুল মুহতাজ গ্রন্থে (৩/৪০) বলনে: "জনবচ্ছিন্নি ব্যক্তরি জন্য (ঈদরে নামায) আদায় করা সুন্নত; তবে খোতবা ছাড়া। অনুরূপভাবে ক্রীতদাস, নারীর জন্যওে সুন্নত। স্বাধীন নারী ও দাসী ঈদরে নামাযে হাযরি হওয়ার ক্ষত্রেে ইতপিূর্বে 'জামায়াত' অধ্যায়রে শুরুর দকিে তারা জামায়াতে হাজরি হওয়ার ক্ষত্রেে যা কছিু উল্লখেতি হয়ছে সগেুলো প্রযোজ্য হব। অনুরূপভাবে মুসাফরিরে জন্যওে সুন্নত; অন্য সকল নফল নামাযরে মত। মুসাফরিদরে ইমামরে জন্য তাদরে উদ্দশ্যে খোতবা দয়ো সুন্নত।"[সমাপ্ত]

এরপর তনিি বলনে (৩/৪৫): "ইতপিূর্বে উল্লখে করা হয়ছে যে, একা একা আদায়কারীর জন্য খোতবা দয়ো সুন্নত নয়।"[সমাপ্ত]

মালকেী মাযহাব হচ্ছে- একাকী আদায়কারী, নারী ও মুসাফরিরে জন্য আদায় করা সুন্নত; মুস্তাহাব নয়।

আল-খরিাশী বলনে (২/৯৮): "যনিি জুমার নামায আদায় করতে আদষ্টি তার জন্য ঈদরে নামায আদায় করা সুন্নত; নফল নামায বধৈ হওয়ার সময় থকেে শুরু করে সূর্য হলেে পড়া পর্যন্ত।" ব্যাখ্যাকার বলনে: ঈদরে নামাযরে হুকুমরে ব্যাপারে মতভদে রয়ছে। মশহুর অভমিত হচ্ছে যমেনটি গ্রন্থাকার উল্লখে করছেনে সুন্নতে আইন (প্রত্যকেরে জন্য সুন্নত); অন্য মত, সুন্নতে কফিায়া (কউে পড়লে অন্যদরে সুন্নত আদায় হয়ে যাব)।

যে ব্যক্তির উপর জুমার নামায আবশ্যক তাকে আদায় করার নির্দেশ দেয়া হবে। ক্রীতদাস, বালক, নারী ও মুসাফির ঈদের নামাযে হাযির হবেন। আর যে ব্যক্তি শহর থেকে ৩ মাইল দূরত্বের বাইরে তার ক্ষেত্রে সুন্নত নয়; কিন্তু মুস্তাহাব। অচিরেই সেই আলোচনা আসবে।”[সমাপ্ত]

আরও বলেন (২/১০৪): যে ব্যক্তি এই নামায পড়ার জন্য আদিষ্ট নয় কিংবা যার ছুটে গেছে তার নামাযটি আদায় করা:

ব্যাখ্যাকার বলেন: অর্থাৎ যে ব্যক্তি জুমার নামায আদায় করার জন্য আবশ্যকীয়ভাবে আদিষ্ট নয় কিংবা যে ব্যক্তির ইমামের সাথে ঈদের নামায আদায় ছুটে গেছে: তার জন্য এটি পড়া মুস্তাহাব।

এটি কি জামায়াতের সাথে পড়বে; নাকি একাকী? দুটো অভিমত রয়েছে।”[সমাপ্ত]

কিছু কিছু আলেম একাকী পড়াকে প্রাধান্য দিয়েছেন।[দেখুন: হাশিয়াতুদ দুসুকী (১/৪০১)]

মালেকী মাযহাবে আরও রয়েছে যে, যদি তারা জামায়াতের সাথে আদায় করেন তাহলে তারা খোতবা ছাড়া আদায় করবেন।

আল-হাত্তাব ‘মাওয়াহিবুল জালিল’ গ্রন্থে (২/১৯৮) বলেন: “শহরবাসীদের মধ্যে যাদের নামাযটি ছুটে গেছে তাদের জন্য জামায়াত করা জায়েযের অভিমতের ভিত্তিতেও তারা খোতবা দিবে না; এতে কোন মতভেদ নাই। অনুরূপ বিধান প্রযোজ্য যে ব্যক্তি কোন ওজরের কারণে এ নামায আদায় করেনি এবং ক্রীতদাস ও মুসাফিরদের ক্ষেত্রে। আর ছোট গ্রামের অধিবাসীদের ব্যাপারে দুইটি অভিমত রয়েছে। আল্লাহ্‌ই সর্বজ্ঞ।”[সমাপ্ত]

পূর্বোক্ত আলোচনার প্রেক্ষিতে যদি কেউ তার নিজ বাসায় তার পরিবারকে নিয়ে ঈদের নামায আদায় করেন তাহলে শাফেয়ি মাযহাবের আলোকে তার জন্য দুটো খোতবা দেয়া সুন্নত। আর মালেকি মাযহাব মতে, খোতবা দিবে না।

এ দুই মাযহাবের অভিমতের পক্ষে দলিল পেশ করা যায় ইমাম বুখারী তাঁর সহিহ গ্রন্থে দৃঢ়তা প্রকাশক ভাষ্যে যে ‘মুআল্লাক’ রেওয়ায়েতটি উল্লেখ করেছেন যে, তিনি বলেন: “আনাস বিন মালেক তাঁর আযাদকৃত দাস ইবনে আবি উতবাকে (বাড়ীর) কোণায় (নামায প্রতিষ্ঠার) নির্দেশ দেন। তখন সে তাঁর পরিবার ও ছেলেদেরকে একত্রিত করে।”[সমাপ্ত]

আনাস (রাঃ) এর নামায ছুটে যায়নি। তবে, তিনি বসরাতে শহরের কয়েক মাইল বাহিরে বসবাস করতেন।

ইবনে রজব ‘ফাতহুল বারী’ গ্রন্থে (৯/৭৬) বলেন: আনাস (রাঃ) এর নামায ছুটে যায়নি। বরং তিনি শহরের বাইরে দূরে বসবাস করতেন। তাই তাঁর হুকুম গ্রামবাসীদের হুকুম। ইমাম আহমাদ (তার থেকে বর্ণিত এক বর্ণনাতে) সেদিকে ইশারা করেছেন।”[সমাপ্ত]

তিনি:

শাইখ আল্লামা আব্দুর রহমান আল-বার্রাক ফতোয়া দিয়েছেন যে, যদি মহামারী ও কারফিউ-এর কারণে শহরে নামায অনুষ্ঠিত না হয় তাহলে এ অবস্থার হুকুম হচ্ছে যার নামায ছুটে গেছে তার হুকুম। এমতাবস্থায় বাসা-বাড়ীতে খোতবা ছাড়া ঈদের নামায আদায় করা হবে।

তাঁকে জিজ্ঞেস করা হয়: বর্তমান পরিস্থিতিতে যখন করোনা ভাইরাসের কারণে নামাযগুলো ঘরে আদায় করা হচ্ছে এমতাবস্থায় ঈদের নামাযের ব্যাপারে আপনার অভিমত কি? ঈদের নামায কি বাসা-বাড়ীতে আদায় করা হবে; যদি আদায় করা হয় তাহলে কিভাবে আদায় করা হবে?

জবাব: সমস্ত প্রশংসা আল্লাহ্‌র জন্য। আমাদের নবী মুহাম্মদ, তাঁর পরিবার-পরিজন ও তাঁর সাহাবীবর্গের প্রতি আল্লাহ্‌র রহমত ও শান্তি বর্ষিত হোক। অতঃপর: যদি কোন প্রতিবন্ধকতার কারণে ঈদের পড়া না যায়; যেমনটি এ দিনগুলোর পরিস্থিতি; সেক্ষেত্রে এর হুকুম হবে যে ব্যক্তির নামায তথা ঈদের নামায ছুটে গেছে তার হুকুমের মত।

এ মাসয়ালায় আলেমদের একাধিক অভিমত রয়েছে: কেউ বলেছেন: দুই রাকাত পড়বে। কেউ বলেছেন: চার রাকাত পড়বে। কেউ বলেছেন: ঈদের নামাযের মত পড়বে; এটাই সঠিক অভিমত। অর্থাৎ দুই রাকাত পড়বে এবং অতিরিক্ত তাকবীরগুলো বলবে। ক্বিরাত উচ্চস্বরে পড়বে। খোতবা দিবে না। যেমনটি করা হয় যে কোন কাযা ইবাদত সম্পাদনের ক্ষেত্রে। অর্থাৎ মূল ইবাদতের আদলে সম্পাদন করা হয়। একাকীও পড়া যাবে, জামায়াতের সাথেও পড়া যাবে।

এ অভিমতের পক্ষে দলিল হচ্ছে আনাস বিন মালেক (রাঃ) এর কর্ম: যখন তাঁর ঈদের নামায ছুটে যায় তখন তিনি তাঁর পরিবার-পরিজনকে একত্রিত করেন। এরপর আব্দুল্লাহ বিন আবি উতবা তাদেরকে দুই রাকাত নামায পড়ান; যেভাবে শহরবাসীগণ নামায পড়েছে সেভাবে এবং তারা যেভাবে তাকবীর দিয়েছে সেভাবে তাকবীর দিয়ে।

পক্ষান্তরে, ঈদের নামাযের কাযা হয় না এ অভিমত এখানে প্রযোজ্য নয়। কেননা আমাদের এ অবস্থাতে ঈদের নামায মূলতঃ পড়াই হয়নি। অতএব আদৌ ফরয আদায় হয়নি। কিন্তু, এমতাবস্থায় ঈদের নামাযকে যে ব্যক্তির এটি ছুটে গেছে তার অবস্থার উপর কিয়াস করা হবে; যেমনটি ইতিপূর্বে উল্লেখ করা হয়েছে। আল্লাহই সর্বজ্ঞ।[শাইখের ওয়েবসাইট থেকে সমাপ্ত: https://sh-albarrak.com/article/18234]

সারকথা:

১। যে ব্যক্তি ঈদের নামায একাকী পড়বেন তিনি খোতবা ছাড়া আদায় করবেন।

২। যে ব্যক্তি জামায়াতের সাথে আদায় করবেন শাফেয়ি মাযহাব মতে, নামাযের পর দুটো খোতবা দেয়া তার জন্য সুন্নত। যদি খোতবা দেয়া সম্ভবপর হয় তবে খোতবা দেয়ার দিকটিকে শক্তিশালী করে শাইখ তাঁর জবাবে যা উল্লেখ করেছেন: নামায মূলতঃ পড়াই হয়নি এবং সাধারণ জামে মসজিদগুলোতে খোতবা দেয়া হয়নি।

আর মালেকি ও হাম্বলি মাযহাব মতে এবং যারা বর্তমানে ওজরগ্রস্ত মানুষকে যাদের নামায ছুটে গেছে তাদের মত মনে করেন তাদের মতে: জামায়াতের সাথে খোতবা ছাড়া আদায় করা হবে।

ঈদের নামাযের জন্য সংখ্যার শর্ত জানতে দেখুন: 337550 নং প্রশ্নোত্তর।

আল্লাহ্‌ই সর্বজ্ঞ।